



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/2/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো রাজ্যের পুলিশের হেট ক্রাইমস টাস্ক ফোর্সকে (STATE POLICE HATE CRIMES TASK FORCE) নির্দেশ দিয়েছেন ক্রকলিনে ইহুদী-বিরোধী হেট ক্রাইমের তদন্তে সহায়তার জন্য

"এই সপ্তাহে ক্রকলিনে ইহুদী-বিরোধী সহিংসতার আরেকটি ঘটনার কথা জেনে আমি অত্যন্ত দুঃখিত। এই ঘটনাগুলি সারা দেশে জুড়ে বেড়ে চলেছে, এবং এই দেশের শরীরে অসহনশীলতার যে ক্যান্সার প্রবেশ করানো হয়েছে তারই অংশ। এটা অবশ্যই বন্ধ করতে হবে।

আমি এই ঘটনার তদন্তে সহায়তা করার জন্য প্রয়োজনীয় যে কোনও সংস্থান অবিলম্বে নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টকে (New York Police Department, NYPD) প্রদান করার জন্য রাজ্য পুলিশের হেট ক্রাইমস টাস্ক ফোর্সকে নির্দেশ দিচ্ছি। দায়ী ব্যক্তিদের অবশ্যই ন্যায়ের সম্মুখীন করতে হবে।

ইহুদি সম্প্রদায়ের একজন সদস্যের উপর এই ঘৃণ্য আক্রমণটি এলজিবিটিকিউ (lesbian, gay, bisexual, transgender, queer, LGBTQ) বারের বাইরে প্রাইড ক্ল্যাগ পোড়ানোর 24 ঘণ্টার মধ্যে অনুষ্ঠিত হয়েছিল। আমাদের মধ্যে একজনের উপর আক্রমণ, আমাদের সবার উপর আক্রমণ। নিউ ইয়র্কবাসী হিসেবে আমরা সকল ধরনের গোড়ামোর বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকব এবং এ কথা স্পষ্ট করে চলব যে এই রাজ্যে এমন ঘৃণ্য আচরণের প্রতি শূন্য সহনশীলতা রয়েছে। আমরা ঘৃণাকে আমাদের বিভক্ত করতে দেব না।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)